# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৯৯ — তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২০খ্রি.

বিষয়: **"জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০" সফল করার জন্য সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র:- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৯.১৯-১৯৫; তারিখঃ ১৬ ফেব্রুয়ারি, ২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাম নির্মূল ও রুবেলা নিয়ন্ত্রণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সরকার ০৯ মাস থেকে ১০ বছরের নিচে প্রায় ৩ কোটি ৪০ লক্ষ শিশুকে ১ (এক) ডোজ এমআর টিকা প্রদানের উদ্দেশ্যে আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০২০খ্রি. থেকে ২১ মার্চ, ২০২০খ্রি. (১৬ ফাল্গুন-০৭ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ) ৩ সপ্তাহব্যাপী "হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০" পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, "হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০" এর ১ম সপ্তাহে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (৪র্থ শ্রেণি পর্যন্ত সকল শিশুকে) ১ (এক) ডোজ এমআর টিকা প্রদান করা হবে। উক্ত কার্যক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিম্নলিখিত সহযোগিতা চাওয়া হয়েছে।

- কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য ক্যাম্পেইনের সকল প্রস্তুতিমূলক কাজ বিশেষ করে টিকাদান কার্যক্রম পরিচালনার সহযোগিতা করা।
- সম্মানিত শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদের টিকা গ্রহণে অভিভাবকগণ এবং টিকাদান কেন্দ্র স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করতে শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ।

এমতাবস্থায়, আসন্ন জাতীয় "হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০" সার্বিকভাবে সফল করতে সর্বাত্মক সহযোগিতা করার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

20.02.2020

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
20/02/2020 ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৯৯(৮) — তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২০খ্রি.

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার, সকল (সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণের নিশ্চিত করার অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল (সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণের নিশ্চিত করার অনুরোধসহ);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. সদস্যবৃন্দ- গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

20/2/2020

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
20/02/2020 ফোনঃ ৯৬৭৪৮৭৪

০৯
১৬/২/২০২০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd.

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৯.১৯-**১৯৫**

তারিখঃ ০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

**বিষয়: "জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০" সফল করার জন্য সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়, স্বাস্থ্য সেবা বিভাগে স্মারক নং-৪৫.০০.০০০০.১৭১.০৪১.০২.১২.৪৯; **তারিখ:** ২৯/০১/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে হাম নির্মূল ও রুবেলা নিয়ন্ত্রণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সরকার ০৯ মাস থেকে ১০ বছরের নিচে সকল শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদানের উদ্দেশ্য আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০২০ থেকে ২১ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ (১৬ ফাল্গুন – ০৭ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ) ৩ সপ্তাহব্যাপী 'হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০' সার্বিকভাবে সফল করতে সর্বাত্মক সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে এতৎসঙ্গে সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১৬/০২/২০২০

(মীর জাহিদ হাসান)
উপসচিব (প্রশাসন ও অর্থ)
☏: ৯৫৭৫৮০৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং- ৪৫.০০.০০০০.১৭১.০৪১.০২.১২. ৪৭

তারিখ : ২৯ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ
১৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

**বিষয় : "জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন- ২০২০" সফল করার জন্য সহযোগিতা প্রদান।**

প্রিয় সহকর্মী,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) ১৯৭৯ সাল থেকে শিশুদের মৃত্যু ও পঙ্গুত্বের হার কমিয়ে আনার লক্ষ্যে সারা দেশে টিকাদান কর্মসূচি পরিচালনা করে আসছে। ইপিআই-এর অন্যান্য লক্ষ্যসমূহের মধ্যে ২০২২ সাল নাগাদ জাতীয় পর্যায়ে হাম-রুবেলা (এমআর) টিকার কাভারেজ শতকরা ৯৫ ভাগে উন্নীতকরণ এবং ২০২৩ সাল নাগাদ হাম ও রুবেলা দূরীকরণ অবস্থা অর্জন অন্যতম। হাম-রুবেলা রোগ এবং এর জটিলতার হাত থেকে রক্ষা পাবার সর্বোৎকৃষ্ট উপায় হল সঠিক সময়ে শিশুকে হাম-রুবেলার (এমআর) টিকা প্রদান করা। নিয়মিত টিকাদান কর্মসূচিতে ৯ মাস ও ১৫ মাস বয়সে শিশুদেরকে মোট ২ ডোজ এমআর টিকা প্রদান করা হয়ে থাকে।

হাম নির্মূল ও রুবেলা নিয়ন্ত্রণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সরকার ৯ মাস থেকে ১০ বছরের নিচের সকল শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদানের উদ্দেশ্যে আগামী ২৯ ফেব্রুয়ারি- ২১ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ (১৬ ফাল্গুন- ৭ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ) ৩ সপ্তাহব্যাপী 'হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন- ২০২০' পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ক্যাম্পেইন চলাকালে সারা দেশে ৯ মাস থেকে ১০ বছরের নিচের প্রায় ৩ কোটি ৪০ লক্ষ শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদান করা হবে।

উল্লেখ্য যে, 'হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০' এর ১ম সপ্তাহে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (৪র্থ শ্রেণি পর্যন্ত সকল শিশুকে) এক (১) ডোজ এমআর টিকা প্রদান করা হবে। উক্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য ক্যাম্পেইনের সকল প্রস্তুতিমূলক কাজ বিশেষ করে টিকাদান কার্যক্রম পরিচালনায় সহযোগিতা; সম্মানিত শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদেরকে টিকা গ্রহণে অভিভাবকগণ, এবং টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করতে শিক্ষার্থীদেরকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণ নিশ্চিত করা একান্ত প্রয়োজন।

অতএব, আসন্ন জাতীয় হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০ সার্বিকভাবে সফল করতে আপনার অধীন সকল কর্মকর্তাকে জাতীয় গুরুত্বপূর্ণ এই কার্যক্রমে সর্বাত্মক সহযোগিতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে বিনীত অনুরোধ করছি।

সালাম ও শুভেচ্ছাসহ।

আন্তরিকভাবে আপনার ,

মোঃ আসাদুল ইসলাম

জনাব মুনশী শাহাবুদ্দীন আহমেদ
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।